

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 11-02-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Central Minister Visit :

কেন্দ্রীয় গ্রামীণ উন্নয়ন, কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ আঁরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে জনপ্রতিনিধি সম্মেলন এবং বিভিন্ন গ্রামোন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও লাভার্থী সম্মাননা অনুষ্ঠানের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহান ভার্চুয়ালি গ্রামোন্নয়ন দপ্তর ও ত্রিপুরা গ্রামীণ আজীবিকা মিশনের ৫৪৬ কোটি ৭৯ লক্ষ টাকা ব্যয়ে ১৭৯টি প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন। তাছাড়া, রাজ্যের যেসমস্ত সুবিধাভোঁী বিভিন্ন প্রকল্পের মাধ্যমে উপকৃত হয়েছেন, সেসমস্ত লাভার্থীদের সম্মাননা জ্ঞাপন করবেন। অনুষ্ঠানে যাত্রীদের যাতায়াতের সুবিধার জন্য দুটি অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে উত্তর-পূর্ব সীমান্ত রেল। ধর্মনঁর ও সাক্রম থেকে ওই দুটি ট্রেন সকালে আঁরতলায় আসবে । পরে সন্ধ্যায় আবার আঁরতলা থেকে ফিরে যাবে ।

S.E.C-TTAADC :

রাজ্য নির্বাচন কমিশন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসি নির্বাচনের প্রস্তুতি শুরু করেছে। এডিসির ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট কেন্দ্রের তালিকা চূড়ান্ত করার জন্য নির্ধনঁট ঘোষণা করেছে

রাজ্য নির্বাচন কমিশন। কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী, আশী ১৩ই ফেব্রুয়ারি এডিসির ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট কেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করা হবে। ভোট কেন্দ্রের খসড়া তালিকার উপর ঐদিন থেকেই দাবি ও আপত্তি গ্রহণের কাজ শুরু হবে। তা চলবে আশী ১৭ই ফেব্রুয়ারি পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে ১৯শে ফেব্রুয়ারি। এডিসির ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে আশী ২১শে ফেব্রুয়ারি। এদিকে, এডিসি নির্বাচনী প্রক্রিয়া পরিচালনার জন্য রাজ্য নির্বাচন কমিশন ইতিমধ্যে ৮ জেলার জেলা শাসককে জেলা নির্বাচনী আধিকারিক হিসাবে নিযুক্ত করেছে। তাছাড়া এডিসির ২৮টি আসনের জন্য নির্বাচন নিবন্ধন আধিকারিকও নিযুক্ত করেছে রাজ্য নির্বাচন কমিশন।

Central Minister-Press Meet :

কেন্দ্রীয় আবাস ও নগর উন্নয়ন প্রতিমন্ত্রী তোখান সাহ জানিয়েছেন, চলতি বছরেই আশ্রিতলা ও গুয়াহাটীর মধ্যে বন্দেভারত এক্সপ্রেস চালু হবে। ঐকাল আশ্রিতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সাহ ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট নিয়ে আলোচনাকালে একথা জানান। তিনি জানান, ইতিমধ্যে আশ্রিতলা ও দক্ষিণ আসামের মধ্যে রেল লাইনে বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয়েছে। তাছাড়া আশ্রিতলা আখাউড়ার মধ্যে ট্রেন চলাচলের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। অমৃত ভারত প্রকল্পের মাধ্যমে আশ্রিতলা, উদয়পুর, ধর্মনগর ও কুমারঘাট রেলস্টেশনের আধুনিকীকরণের কাজ চালু হবে। জিরানিয়া ও বোধজংনগরের মধ্যে ১৪ কিলোমিটার রেললাইন স্থাপনের লক্ষ্যে সার্ভেের জন্য কেন্দ্রীয় সরকার অনুমোদন দিয়েছে। তিনি জানান, পর্যটনক্ষেত্রের উন্নয়নের জন্য বাজেটে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি নিয়ে বুদ্ধিস্ট সার্কিটের মূল চালিকা শক্তি হিসেবে কাজ করবে ত্রিপুরা।

Handloom Expo-Sonamura :

হস্ততাঁত শিল্পের মাধ্যমে গ্রামীণ মহিলাদের স্বয়ংসম্পূর্ণ করার ব্যাপক সুযোগ রয়েছে। আশীমী দিনে রাজ্যের হস্ততাঁত শিল্পকে আরো এগিয়ে নিয়ে যাওয়ার জন্য দপ্তরের তরফ থেকে আরো নুতন প্রকল্প চালু করা হবে। ঐকাল সন্ধ্যায় সোনামুডার স্পোর্টিং এসোসিয়েশন মাঠে ১৪ দিন ব্যাপী রাজ্যভিত্তিক হস্ততাঁত মেলার উদ্বোধন করে একথা বলেছেন রাজ্যের হস্ততাঁত হস্তকারু ও রেশম শিল্প মন্ত্রী বিকাশ দেববর্মা। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ। তিনি বলেন, শুধুমাত্র বড়বড় শিল্পের উন্নয়ন করলেই চলবে না। প্রধানমন্ত্রীর বিকশিত ভারতের স্বপ্ন বাস্তবায়নের জন্য গ্রামভিত্তিক এধরনের হস্তশিল্পেরও উন্নয়ন করতে হবে। অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক বিন্দু দেবনাথ, তফাজ্জল হোসেন প্রমুখ। মেলায় ১০ টি বহিঃরাজ্যের স্টল সহ মোট ৬০ টি স্টল খোলা হয়েছে। ১৪ দিনের এই মেলায় প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান হবে।

Rajorshi Utsab :

আজ সন্ধ্যায় উদয়পুর পুরাতন রাজবাড়ী এলাকায় ভুবনেশ্বরী মন্দির ও পুরাতন রাজবাড়ী প্রাঙ্গণে শুরু হচ্ছে তিনদিনব্যাপী রাজ্যের ঐতিহ্যবাহী রাজর্ষি উৎসব। সন্ধ্যায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই উৎসবের সূচনা করবেন। রবীন্দ্র স্মৃতি বিজড়িত ভুবনেশ্বরী মন্দির ও পুরাতন রাজবাড়িতে এই উৎসবকে কেন্দ্র করে প্রস্তুতি নেওয়া হয়েছে।

Meeting – CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরোহিত্যে ঐকাল টিআইএফটি কনফারেন্স হলে রাজ্যের জাতীয় মহাসড়ক প্রকল্পগুলির অগ্রগতি পর্যালোচনা করার জন্য এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে রাজ্যে যোগাযোগ ব্যবস্থা অগ্রগতি এবং পরিকাঠামো ঐক উন্নয়ন স্বরাশ্রিত করার লক্ষ্যে সময়োপযোগী বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।

Weather :

আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.৮ ডিগ্রি সেলসিয়াস।
